

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা-৯

স্মারক নং ভূঃমঃশা- ৯/(বিবিধ)/১১/২০০২-৪৩৭/১(৬৪)

তারিখ : ১৭/০৬/২০০২ইং

বিষয় : ভূমি হস্তান্তর নোটিশের ভিত্তিতে নামজারী কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি হস্তান্তর আইন (T.P.Act) মোতাবেক সম্পত্তি হস্তান্তরের জন্য সম্পাদিত দলিল রেজিস্ট্রি করার সময় ভূমি হস্তান্তর নোটিশ (L. T. Notice) রেজিস্ট্রি অফিসে দাখিল করতে হয়। উক্ত নোটিশ সাব-রেজিস্ট্রারের নিকট হতে প্রাপ্তির পর সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক নাজমারী মোকদ্দমা চালু করে রেকর্ড সংশোধন করতে হয়। কিন্তু অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, ভূমি হস্তান্তর নোটিশের (L. T. Notice) ভিত্তিতে নামজারী মোকদ্দমা নিষ্পত্তির সংখ্যা আশানুরূপ নয়। এ অবস্থার উন্নতিকল্পে তাঁর জেলায় সহকারী কমিশনার (ভূমি) গণের কার্যালয়ে ভূমি হস্তান্তরের নোটিশ (L. T. Notice) এর ভিত্তিতে নামজারী সংক্রান্ত গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি এখন থেকে মাসিকভিত্তিতে অন্তর্সাথ সংযুক্ত ছক পূরণ করে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

‘শা/- (মোঃ নাসির উদ্দিন খান)
সিনিয়র সহকারী সচিব।

জেলা প্রশাসক,

----- (সকল)।